

পরিশিষ্ট “ক”

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির মে/২২ মাসের সভার কার্যবিবরণী:

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সিগঞ্জ।
সভার তারিখ ও সময় : ১৭/০৫/২০২২ খ্রি., সময়: সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতি : রিনা ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সিগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক্রম দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, লৌহজং, মুন্সিগঞ্জ তার কার্যালয়ের এপ্রিল-মে/২০২২ মাসের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভায় জানান যে, এনএটিপি-২ প্রকল্পের আওতায় ১৮টি প্রদর্শনী পুকুর স্থাপন করা হয়। প্রত্যেক পুকুরে ৩০ কেজি কার্প জাতীয় মাছের পোনা ও ২০০ কেজি মাছের খাদ্য ও ১টি সাইন বোর্ড স্থাপন করা হয়। এছাড়া ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পের আওতায় ৬টি প্রদর্শনী পুকুরে স্থাপন করা হয়। জাটকা সংরক্ষন অভিযান কালে ৫ লক্ষ মিটার কারেন্ট জাল ও ১৮০০ কেজি জাটকা জব্দ করা হয়।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের আওতায় এপ্রিল-মে/২০২২ইং মাসে গবাদি পশু চিকিৎসা প্রদান করা হয়েছে ২১৮৬ টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে ২৫৩৫৪ টি, টিকা বীজ প্রদান করা হয়েছে গবাদি পশু ৫১২০টি, টিকা বীজ প্রদান করা হয়েছে হাঁস-মুরগী ৭১৬০০টি, কৃত্রিম প্রজনন-৬২০টি, কৃত্রিম প্রজনন ফি বাবদ ১৮৬০০টাকা, টিকাবীজ বিক্রয় বাবদ ২২২১০ টাকা সরকারী কোষাগারে জমা দেওয়া হয়েছে।

নিম্নে উল্লিখিত ০৩টি প্রকল্প চলমান রয়েছে:

- ১। ন্যাশনাল এগিকালচার টেকনোলজি প্রোগ্রাম (এনএটিপি-২)।
- ২। লাইভস্টক ভেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)।
- ৩। গরু হুটপুটকরণ প্রকল্প।

সভার আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনাক্রমে স্ব স্ব বিভাগের কার্যক্রমের গতিশীলতা বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

Risam
১৭/০৫/২২
(রিনা ইসলাম)
সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সিগঞ্জ।

স্মারক নম্বর: ৩৩.০২.৫৯৪৪.৫০১.৩৬.০০১.২২/১০৩

তারিখ: ১৭/০৫/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সিগঞ্জ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুন্সিগঞ্জ।
- ৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লৌহজং, মুন্সিগঞ্জ।
- ০৪। , সদস্য (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি, লৌহজং, মুন্সিগঞ্জ।
- ০৫। দপ্তর নথি।

Mohammad Faridul Islam
১৭/০৫/২২
(মোহাম্মদ ফরিদুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
লৌহজং, মুন্সিগঞ্জ।